গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
সাধারণ শাখা
www.dinajpur.gov.bd

স্মারক নং ০৫.৫৫.২৭০০.০০০.০০৬.০১.০০০৪.২৬. ৭২০

তারিখঃ ১৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০১মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ

**সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' এর আলোকে দিনাজপুর জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা (.............ওয়ার্ড) |
|---|---|---|---|
| ১. | দিনাজপুর সদর | চেহেলগাজি | চেহেলগাজি ৭,৮,৯ |
| ২. | | শশরা | শশরা ৪,৫,৬ |
| ৩. | | আউলিয়াপুর | চেরাডাঙ্গি ৪,৫,৬ |
| ৪. | | আস্করপুর | আস্করপুর ১,২,৩ |
| ৫. | | দিনাজপুর পৌরসভা | দিনাজপুর পৌরসভা ১,২.৩,৪ |
| ৬. | পার্বতীপুর | মন্মথপুর | তাজনগর ১,২,৩ |
| ৭. | | মন্মথপুর | দেউল ৭,৮,৯ |
| ৮. | | রামপুর | বাসুপাড়া ৪,৫,৬ |
| ৯. | | পলাশবাড়ী | দূর্গাপুর ৪,৫,৬ |
| ১০. | | চন্ডিপুর | বড়হরিপুর ৪,৫,৬ |
| ১১. | | মোমিনপুর | মোমিনপুর ৪,৫,৬ |
| ১২. | | মোস্তফাপুর | মোস্তফাপুর ১,২,৩ |
| ১৩. | | হাবড়া | শংকরপুর ৭,৮,৯ |
| ১৪. | বিরল | শহরগ্রাম | নাড়াবাড়ি ৭,৮,৯ |
| ১৫. | | বিরল | বুনিয়াদপুর ১,২,৩ |
| ১৬. | | বিরল | মোকলেসপুর ৭,৮,৯ |
| ১৭. | | ভান্ডারা | ভাড়াডাঙ্গি ৭,৮,৯ |
| ১৮. | | বিজোড়া | বল্লভপুর ৭,৮,৯ |
| ১৯. | | ধর্মপুর | কালিয়াগঞ্জ ১,২,৩ |
| ২০. | | পলাশবাড়ী | দক্ষিনবাড়ি১,২,৩ |
| ২১. | চিরিরবন্দর | সাতনালা | জোতসাতনালা ৭,৮,৯ |
| ২২. | | ফতেজংপুর | উত্তর পলাশ বাড়ি ১,২,৩ |
| ২৩. | | ইসবপুর | দগরবাড়ি ১,২,৩ |
| ২৪. | | ইসবপুর | ইসবপুর ৭,৮,৯ |
| ২৫. | | আব্দুলপুর | বেলতলী ৭,৮,৯ |
| ২৬. | | অমরপুর | অমরপুর ১,২,৩ |
| ২৭. | | সাইতাড়া | সাইতাড়া ৭,৮,৯ |
| ২৮. | | ভিয়াইল | দূর্গাডাঙ্গা ৭,৮,৯ |
| ২৯. | | তেঁতুলিয়া | তেঁতুলিয়া ১,২,৩ |
| ৩০. | | তেঁতুলিয়া | সিংগানগর ৭,৮,৯ |
| ৩১. | | আলোকডিহি | গছাহার ১,২,৩ |
| ৩২. | | আলোকডিহি | আলোকডিহি ৭,৮,৯ |

**শর্তাবলীঃ**

(ক) "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা, ২০২৫" এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) **যোগ্যতাঃ**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশন বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবেঃ তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঘ) **অযোগ্যতাঃ**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/ থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে; এবং

**(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজ পত্রঃ**

০১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়ক পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

০২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/ কাগজপত্র জমা দিতে হবেঃ

- ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদ।
- খ) সাম্প্রতিক তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজ ছবি।
- গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ ভাড়ার চুক্তিনামার কপি।
- ঙ) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ।
- চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জন প্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পবিরারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র,অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা এবং
- ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

০৩. ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞাতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।

০৪. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ ফেরতযোগ্য ২০০০/-(দুই হাজার) টাকার পোষ্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।

০৫. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(চ) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থানঃ**

(১) ১৫ মার্চ ২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত;

(২) আবেদনপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর এর দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০১/০৩/২০২৬

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
দিনাজপুর